

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

খুলনা-৯২০৩

স্মারক নং-খুপ্রবি/সওপ্র/


তারিখঃ-

বিজ্ঞপ্তি

অত্র বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও ছাত্র-ছাত্রীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ১১/০৭/২০১৮ইং তারিখ রোজ বুধবার সকাল ১০:৩০ ঘটিকায় বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে বৃক্ষরোপন সপ্তাহ-২০১৮ উদযাপন উপলক্ষ্যে একটি র্যালী এবং বৃক্ষ রোপন সপ্তাহ উদ্বোধন এর আয়োজন করা হয়েছে। উক্ত র্যালী প্রশাসনিক ভবনের সম্মুখ হতে শুরু হয়ে সেন্ট্রাল লাইব্রেরীর সম্মুখে শেষ হবে এবং র্যালী শেষে বৃক্ষরোপন কর্মসূচীর উদ্বোধন করা হবে। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বৃক্ষ রোপন সপ্তাহ-২০১৮ এর উদ্বোধন করবেন অত্র বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ডঃ মুহাম্মদ আলমগীর।

উক্ত র্যালী ও বৃক্ষরোপন কর্মসূচী অনুষ্ঠানে স্বতস্ফূর্তভাবে উপস্থিত থেকে সবুজ ক্যাম্পাস গড়ার প্রচেষ্টাকে সফল করার জন্য সকল শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও ছাত্র-ছাত্রীদেরকে বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের নির্দেশক্রমে,


(জি.এম. শহিদুল আলম)
রেজিস্ট্রার

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

স্মারক নং-খুপ্রবি/সওপ্র/ ১০২/১০

তারিখ : ০৭/৭/১৮

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। ডীন, সকল অনুষদ, অত্র বিশ্ববিদ্যালয়।
- ২। সকল ইনস্টিটিউট পরিচালক, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৩। সকল বিভাগীয় প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়। তাঁর বিভাগে কর্মরত সকল শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও ছাত্র-ছাত্রীদের মধ্যে প্রচারের অনুরোধ সহ।
- ৪। সকল পরিচালক, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৫। সকল হল প্রভোস্ট, অত্র বিশ্ববিদ্যালয়। তাঁর হলের ছাত্র-ছাত্রীদের মধ্যে প্রচারের অনুরোধসহ।
- ৬। সভাপতি, বৃক্ষ উন্নয়ন কমিটি, অত্র বিশ্ববিদ্যালয়। প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
- ৭। সকল দপ্তর/শাখা প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়। তাঁর শাখায় কর্মরত সকল কর্মকর্তা, কর্মচারীদের মধ্যে প্রচারের অনুরোধ সহ।
- ৮। ভাইস-চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৯। সকল নোটিশ বোর্ড, অত্র বিশ্ববিদ্যালয়।
- ১০। সংরক্ষণ নথি।



(দেবশীষ মন্ডল)
সহকারী রেজিস্ট্রার